গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
মানিকগঞ্জ।

অফিস আদেশ ঃ ১৯ (জি), তারিখ ঃ ১৪/০১/২০১৮ খ্রীঃ

লক্ষ্য করা যাচ্ছে যে, মাদক মামলায় বিভিন্ন থানায় হাতে-নাতে ধৃত আসামিদের বিরুদ্ধে পুলিশ রিপোর্ট উপযুক্ত সময়ে দাখিল হচ্ছে না। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ৪২ ক ধারার ১ এর (ক) অনুচ্ছেদে বলা হয়েছে যে যদি আসামি পুলিশ কর্তৃক ধৃত হয় অথবা জনগণ কর্তৃক ধৃত হয়ে পুলিশের কাছে সোপর্দ হয় তাহলে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে তদন্তকার্য শেষ করতে হবে এবং ৪২ক ধারার অনুচ্ছেদ ২ এর উপধারা (১) এ বলা হয়েছে যে উল্লেখিত সময়ের মধ্যে তদন্তকার্য সম্পন্ন করা সম্ভব না হলে, তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করে অতিরিক্ত ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অপরাধের তদন্তকার্য সম্পন্ন করবেন এবং তৎসম্পর্কে কারণ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটকে অবহিত করবেন। কিন্তু বিভিন্ন থানা থেকে সম্প্রতি উক্ত বিধান না মেনে গতানুগতিকভাবে পুলিশ রিপোর্ট করা হচ্ছে। যাহা আদৌ কাম্য নয়। এমতাবস্থায় যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে তদন্তকারী কর্মকর্তাদের পুলিশ রিপোর্ট দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।

স্বা/-

(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।

স্মারক নং-সিজেএম/মানিক/জেএম- ৫১(৬)/১৮ তারিখ ঃ ১৪/০১/২০১৮খ্রীঃ

**আদেশের অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। পুলিশ সুপার, মানিকগঞ্জ।

**আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০২। আমলী আদালত সদর/সিংগাইর/সাটুরিয়া/ঘিওর/শিবালয়/দৌলতপুর/হরিরামপুর থানা।
০৩। কোর্ট ইন্সপেক্টর, মানিকগঞ্জ (সকল জি.আর.ও দেরকে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
০৪। অফিসার ইন-চার্জ, সদর/সিংগাইর/সাটুরিয়া/ঘিওর/শিবালয়/দৌলতপুর/হরিরামপুর থানা।
০৫। নোটিশ বোর্ড, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী, মানিকগঞ্জ।
০৬। অফিস কপি।

১৪/১/১৮

(আবু জাফর মোঃ কামরুজ্জামান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ।